পিতৃতন্ত্র নিরাবরণ

একবারে একটি ভিডিও, একটি কথোপকথন

আলোচনা ক্লাব

একটি আলোচনা সমিতি পরিচালনার কৌশল

যেহেতু আপনি লিঙ্গবিষয়ক ভিডিও প্রযোজনা শুরু করে দিয়েছেন, তাই এবার সেগুলি ব্যবহার করার পালা। পুরুষতন্ত্র ভেঙে ফেলা সংক্রান্ত আমাদের এই প্রচার ৩টি বিস্তৃত ধাপে করা হয়ঃ শনাক্তকরণ, রহস্যোদ্ধার করা ও নিরাবরণ করা।

শনাক্তকরণঃ

আপনার পাওয়া বিভিন্ন প্রশিক্ষণ এবং তৈরি করা বিভিন্ন ভিডিওর দ্বারা পিতৃতন্ত্র কিভাবে কাজ করে তা চিহ্নিতকরণে আপনি সাহায্যপ্রাপ্ত হয়েছেন। শনাক্তকরণের এই দক্ষতা, পিতৃতন্ত্র কিভাবে কিছু মানুষের হাতে ক্ষমতা দিয়েছে ও বাকিদের তা থেকে বঞ্চিত করেছে , তা বোঝার একমাত্র চাবিকাঠি। এই বিষয়ের ওপর যত বেশি ভিডিও আপনি বানাবেন, তত বেশি সহজে পুরুষতন্ত্রের বিভিন্ন প্রকাশগুলি বুঝতে আপনি সক্ষম হবেন।

রহস্যোদ্ধার করাঃ

ভিডিওগুলিতে আপনি যেসমস্ত প্রশ্নের উত্থাপন করছেন, নেপথ্য-কন্ঠে যা বিশ্লেষণ করছেন, সেগুলি সমস্তই এই রহস্যোদ্ধারের অথবা পুরুষতন্ত্র কিভাবে বিভিন্ন ক্ষেত্রে নিজের অস্তিত্ব কায়েম রেখেছে, তা পুঙ্খানুপুঙ্খভাবে সমালোচনা করার অংশ। ভিডিওগুলি আলোচনা সমিতিতে প্রদর্শনের সময় আপনার বন্ধু বা গোষ্ঠীর অন্যান্য মানুষদের সাথে এই সমস্যাসংক্রান্ত আলোচনার মাধ্যমে পরবর্তী বিশ্লেষণ ঘটবে।

নিরাবরণ করাঃ

পিতৃতন্ত্রের মত একটি গভীর সমস্যাকে চ্যালেঞ্জ করা সহজ নয় কিন্তু তার মানে এই নয় যে, আমরা এটা চেষ্টা করব না. আমরা আশাবাদী যে আমরা প্রত্যেকে নিজেদের মধ্যে এবং আমাদের সম্প্রদায়ের মধ্যে ছোট কিন্তু গুরুত্বপূর্ণ পরিবর্তন আনতে এবং আমাদের পরিবার ও সমাজকে আরো সাম্যবাদী এবং ন্যায়যুক্ত করতে সক্ষম। আমরা বিশ্বাস করি, এমন একটি বিষয় স্বীকার করা, তা বোঝা এবং এটি সম্পর্কে কথা বলা সমাধান এবং বিকল্পগুলি খোঁজার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। একটি আলোচনা ক্লাব হোলো আমরা আমাদের জীবনে যা পরিবর্তন চাই, তা রুপায়নের কৌশল রপ্ত করার জায়গা।

আলোচনা সভা কেন

যেমন আগে বলা হয়েছে, কোন পরিবর্তনই সম্ভব হয় না, যদি না আমরা সমস্যা চিহ্নিত করি এবং আমাদের পরিবর্তনের ধারণা সম্পর্কে আলোচনা না করি। আলোচনা ক্লাব লিঙ্গবিষয়ক ভিডিওর স্ক্রীনিং এবং সমস্যা ও সম্ভাব্য সমাধান বা সমস্যাজনিত কথোপকথন শুরু করার জন্য আমাদের জায়গা হবে।

কে একটি আলোচনা সভা পরিচালনা করবে

সকল নির্বাচিত এবং ভি ভি জেন্ডার অভিযানের জন্য প্রশিক্ষণপ্রাপ্ত CC'র প্রত্যেকে একটি আলোচনা ক্লাব পরিচালনা করবে। 16টি রাজ্য জুড়ে মোট প্রায় 70 জন CC'র প্রত্যেকে তাদের নিজস্ব আলোচনা ক্লাব পরিচালনা করবে। এই গাইডটি প্রতিটি ধাপে আপনাকে সাহায্য করবে।

কিভাবে একটি আলোচনা সভা প্রতিষ্ঠা করা হবে

আপনার ক্লাবটির গঠন এবং পরিকল্পনার জন্য নিচের তিনটি সহজ ধাপ অনুসরণ করুন

আপনার গ্রুপ নির্বাচন করুন: আপনারা প্রত্যেকে আপনার নিজের গ্রুপ নির্বাচন করতে পারবেন। উদাহরণস্বরূপ, আপনি নির্বাচন করতে পারেন

- আপনার গ্রামের শুধু এসএইচজি নারী
- শুধু বিবাহিত পুরুষদের
- নারী ও পুরুষের মিশ্র গ্রুপ
- শুধু কিশোরীদের
- শুধু কিশোরদের
- কিশোর ও কিশোরীদের একটি মিশ্র গ্রুপ
- শুধু কলেজে পাঠ্যরত ছাত্রছাত্রী
- বা অন্য যে কোন ধরনের গ্রুপ

অনুগ্রহ করে এমন একটি গ্রুপ নির্বাচন করুন যেখানে, কোন আলোচনা পরিচালনা করতে আপনি সবচেয়ে বেশি স্বচ্ছন্দ বোধ করবেন। গ্রুপ এর আকার ১০ থেকে ১৫ জনের মধ্যে হতে পারে। আপনি যদি একটি বড় গ্রুপ পরিচালনা করতে স্বচ্ছন্দ বোধ করেন , তাহলে আপনি আপনার দলের আকার বৃদ্ধি করতে পারেন। যদিও আমরা গ্রুপের আকার ১৮ জনের বেশি না করারই পরামর্শ দিই। কারন, যদি আপনার গ্রুপ খুব বড় হয়, তাহলে সবাই কথা বলার এবং আলোচনায় ভাগ নেওয়ার সুযোগ পাবেন না।

যে গ্রুপ আপনি চয়ন করবেন, তার সদস্যদের প্রায় দুই ঘন্টার জন্য ২ অথবা ৩ মাসের মধ্যে একবার দেখা করার জন্য প্রস্তুত থাকতে হবে।যে গ্রুপের সাথে আপনি কাজ করছেন, তাকে সমস্ত আলোচনা সভার মিটিংএর জন্য একই হতে হবে। এটি গুরুত্বপূর্ণ কারণ শুধুমাত্র এই ভাবেই আমরা পিতৃতন্ত্রের বিভিন্ন দিক নিয়ে সমালোচনামূলক বোঝাপড়ার নির্মাণ করতে পারব। **সুতরাং, আপনার প্রতিটি সভার জন্য বিভিন্ন গ্রুপ থাকতে পারে না।**

একটি জায়গা নির্বাচন: স্ক্রীনিং এবং আলোচনা চালানোর জন্য মানানসই জায়গা চয়ন করা জরুরী। আপনার শুধু দরকার একটি যথেষ্ট বড় ঘর বা জায়গা যাতে আপনার গ্রুপের স্থান সংকুলান হয়। আপনি আপনার নিজের ঘর বা অফিস, অথবা একটি এনজিও কার্যালয় অথবা একটি কমিউনিটি হলে এই কার্যকলাপগুলি করতে পারেন। আপনাকে অবশ্যই মাথায় রাখতে হবেঃ

- স্থানটি যেন একজন নারীর পক্ষে কারোর দ্বারা বিরক্ত না হয়ে কথা বলা ও আলোচনা করার জন্য যথেষ্ট আরামদায়ক এবং নিরাপদ হয়।
- স্থানটি যেন আপনার দলের সদস্যদের জন্য অতি দূর না হয়
- স্থানটিতে যেন আপনার ক্যামেরা এবং ট্যাবলেট চার্জ করার জন্য বৈদ্যুতিক প্লাগ পয়েন্ট থাকে
- খুব ভালো হয় যদি স্থানটিতে কিছু কাজের জন্য প্রয়োজনীয় ব্ল্যাকবোর্ড বা হোয়াইটবোর্ড থাকে
- স্থানটি যেন খুব ন্যূনতম ব্যয়ে বা বিনামূল্যে পাওয়া যায়

- প্রতিটি সাক্ষাতের স্থান ভিন্ন হতে পারে যদি এটা আপনার দলের সবার পক্ষে সুবিধাজনক হয়। তাহলে, আপনার দলের সদস্যরা পালাক্রমে তাদের ঘরে একটি আলোচনা সভার আয়োজন করার কথা ভাবতে পারেন।

সাক্ষাতের পুনরাবৃত্তির হারঃ আপনার দলটিকে দুই বা তিন মাসে একবার দেখা করতে হবে। আপনাদের প্রত্যেককে আলোচনা সভা পরিচালনার জন্যএকটি ক্যালেন্ডার দেওয়া হবে যাতে কোন মাসে আপনাদের সভার পরিকল্পনা করা হয়েছে, তা আপনারা জানতে পারেন। প্রতিটি সভা প্রায় দুই ঘন্টার জন্য হবে.

একবার আপনার গ্রুপ মনোনয়ন এবং স্থান নির্বাচন সম্পূর্ণ হলে আপনি আপনার রাজ্য কো-অর্ডিনেটর বা সরাসরি গোয়া অফিসে যোগাযোগ করুন। আপনার পরিকল্পনায় সদস্যদের নাম, বয়স এবং ঠিকানা তালিকা থাকতে হবে।

বাজেট কি

আপনাদের প্রত্যেককে প্রত্যেক সভার পরিচালনার জন্য ৩০০০ টাকা দেওয়া হবে। আপনারা প্রত্যেকে পরবর্তী ১৭ মাসে (নভেম্বর ২০১৭ পর্যন্ত) ৩ থেকে ৪টি আলোচনা সভার আয়োজন করতে পারবেন বলে আশা করা যেতে পারে।

আমরা সুপারিশ করছি যে আপনি আপনার সম্প্রদায়ের মধ্যে মানুষ নির্বাচন করে দলের সদস্যদের ভ্রমণ খরচ এড়াতে পারেন।

আপনি এই টাকা কিভাবে ব্যয় করবেন, তা সম্পূর্ণ আপনার ওপর এবং এই বিষয়ে আমাদের কোন নির্দিষ্ট নিয়ম নেই।

আপনি যদি আপনার দলের সদস্যদের জন্য চা এবং জলখাবার বা কিছু ষ্টেশনারী(চার্ট কাগজ, স্কেচ কলম, সাদা বোর্ড মার্কার ইত্যাদি) কেনেন,তবে তা আপনাকে এই বাজেটের মধ্যে পরিচালনা করতে হবে।

আমরা নিশ্চিত যে আপনার প্রতি মিটিং এ ৭০০ থেকে ১০০০ টাকার চেয়ে বেশি ব্যয় করার প্রয়োজন হবে না এবং আপনি প্রায় ২০০০ টাকার মতো সঞ্চয় করতে পারবেন যেটি আপনার সময়ের মূল্য হিসেবে ধরা যেতে পারে।

কিভাবে একটি আলোচনা পরিচালনা করা হবে

আলোচনার জন্য একটি বিষয় নির্বাচন: সমস্ত লিঙ্গবিষয়ক ভিডিও বিভিন্ন থিম(মূল ভাবনা) এবং উপ-থিম (উপ-ভাবনা) অনুযায়ী সংগঠিত হয়। আপনি দেখতে পারেন যে আপনার লিঙ্গবিষয়ক প্রকল্পের ফিল্ড গাইডটিতে ভিডিও, গল্পের ধারনাগুলিও বিভিন্ন থিম এবং উপ-থিম দ্বারা সংগঠিত রয়েছে।

- প্রতি দুই মাসে আপনি একটি পেন ড্রাইভে গোয়া অফিস থেকে ভিডিও এর একটি সেট পাবেন এবং এই ভিডিওগুলিকে এই থিম এবং উপ-থিম এর নাম ফোল্ডারে সংগঠিত করা হবে.
- আপনি যে ফোল্ডারটি গ্রহণ করবেন, তাতে অনেক CCর তৈরি ভিডিও থাকবে. এইগুলি আপনার ভিডিও নয়। কিন্তু এর সাহায্যে আপনি একটি বিষয়ের ওপর আলোচনা বজায় রাখতে পারবেন, এমনকি যদি আপনি নিজে কোন ভিডিও না বানিয়ে থাকেন, তবুও।
- প্রতিটি আলোচনা সভায় আপনি দুই বা তিন উপ-থিমকে আলোচনা করার জন্য বাছাই করতে পারেন.
- আপনার আলোচনার জন্য উপ-থিম নির্বাচন খুবই গুরুত্বপূর্ণ। আপনি আপনার গ্রুপের প্রয়োজন এবং চারিত্রিক বৈশিষ্ট্য অনুযায়ী উপ-থিম নির্বাচন করতে পারেন।

একটি আলোচনার প্রস্তুতি: দয়া করে প্রস্তুতি ছাড়া কোনো সভা পরিচালনা করবেন না। প্রস্তুত হওয়ার জন্য আপনার নিম্নলিখিত কিছু সহজ জিনিষ করার প্রয়োজন হবেঃ

- যে ভিডিওগুলি আপনি প্রদর্শন করতে চান, সেগুলি প্রত্যেকটি প্রথমে নিজে দেখুন। প্রত্যেকটি ভিডিও খুব বেশি হলে ২ থেকে ৪ মিনিটের। ফলত, প্রত্যেকটি ভিডিও দুই-তিনবার করে দেখুন যাতে, প্রয়োজনীয় আলোচ্য বিষয়গুলি সম্পর্কে আপনি অবগত থাকেন।
- আপনার ফিল্ড গাইডটির প্রথম কিছু পাতা পড়ুন, বিশেষত লিঙ্গ কি, পুরুষতন্ত্র কি ইত্যাদি বিষয়ের ওপর লেখা অংশটি।
- আপনি যে বিষয়টিকে আলোচনা করার জন্য বেছে নিয়েছেন, তার গল্প, ধারনার অংশটি পড়ুন।
- প্রদর্শনের জন্য বেছে নেওয়া প্রত্যেকটি ভিডিওর ক্ষেত্রে আলোচনার বৈশিষ্ট্যগুলি মন দিয়ে পড়ুন। এটি প্রস্তুতির সবথেকে গুরুত্বপূর্ণ অংশ।
- ভিডিওগুলিকে আপনার ট্যাবলেটে নিন এবং খেয়াল রাখুন যাতে প্রত্যেকটি ভিডিও অবশ্যই বিনাবাধায় চলে।
- যদি আপনার কাজের জায়গাটি খুব কোলাহলমুখর হয়, তবে ভিডিওর শব্দগুলিকে স্পষ্ট করার জন্য আপনার এক্সটারনাল স্পিকারের প্রয়োজন হতে পারে। কাজ চালনোর মতো স্পিকার বাজারে ৫০০ টাকায় পাওয়া যায়।
- খেয়াল রাখবেন যাতে আপনার ক্যামেরা ও ট্যাবলেট চার্জড থাকে এবং সবসময় ব্যবহারযোগ্য থাকে।
- মিটিং-এর জন্য সবসময় চার্ট পেপার, পেন প্রভৃতি তৈরি রাখবেন।

আলোচনামূলক টীকাঃ নিম্নলিখিত তথ্যগুলি আপনার দেখানো কোন ভিডিও সম্বন্ধে আলোচনা পরিচালনার ক্ষেত্রে সহায়ক হবেঃ

- এই লিঙ্গবিষয়ক প্রত্যেকটি ভিডিওর একটি আলোচনার টীকা থাকবে।
- এই গাইডটিতে এরকম প্রায় ১২ ধরনের আলোচনামূলক টিকার উল্লেখ আছে। নতুন ভিডিওগুলির সাথে আপনাকে এরকম আরও কয়েকটি টীকা পাঠানো হবে অর্থাৎ প্রত্যেকবার নতুন ভিডিওর সাথে আপনি একটি করে নতুন আলোচনামূলক টীকা পাবেন।
- আলোচনামূলক টীকাটির উপরে ডানদিকে স্পষ্টভাবে থিম(মূল ভাবনা) এবং সাব-থিম(উপ-ভাবনা)গুলি লেখা থাকবে। যত নতুন নতুন টীকা আপনি পেতে থাকবেন, সেগুলিকে ছাপিয়ে থিম অনুযায়ী পরপর সাজিয়ে রাখতে পারেন।
- প্রত্যেকটি আলোচনামূলক টীকাতে ভিডিওটির বর্ণনা, আলোচনার সাথে যে ধরনের কার্যকলাপ আপনি পরিচালনা করতে পারেন তার কিছু উদাহরণ এবং আপনার দলটিকে জিজ্ঞাসা করতে পারেন এরকম কিছু প্রশ্ন দেওয়া আছে।
- আমরা নিশ্চিত যে এই আলোচনামূলক টীকা বিভাগটি পড়ার পড়ে আপনার মনে এমন অনেক নতুন প্রশ্ন জাগবে, যেগুলি আপনি আপনার দলের সাথে আলোচনা করতে পারেন। আমরা আপনাকে সেটি করতে এবং প্রশ্নগুলিকে লিখে রাখতে উৎসাহিত করছি।
- আপনি নিজের মন থেকেও একটি নতুন কার্যকলাপের তালিকা বানিয়ে সেগুলি নিয়ে আলোচনা শুরু করাতে পারেন।
- উল্লেখ করুন।

সংবাদ সংগ্রহঃ প্রত্যেকটি আলচনা-সমিতির মিটিং-এর একটি ছোট রিপোর্ট তৈরি করে আপনাকে জমা দিতে হবে। ওই রিপোর্টটিতে নিম্নলিখিত বিষয়গুলির উল্লেখ থাকা প্রয়োজনঃ

- আপনার নাম, রাজ্য, জেলা এবং রিপোর্টটি বানানোর তারিখ
- আলোচনা-সমিতির মিটিংটির তারিখ এবং স্থান
- মিটিংটিতে অংশগ্রহণকারীদের নাম, ঠিকানা, বয়স এবং স্বাক্ষরের তালিকা
- **ছবিঃ** আপনার ক্যামেরা নিয়ে অবশ্যই বেশকিছু ছবি তুলবেনঃ

- প্রত্যেক অংশগ্রহণকারীর একটি করে ছবি। দয়া করে একটি অন্তত ক্লোজআপ(মুখের ছবি) নিতে ভুলবেন না। যদিও সেটিকে 'পাসপোর্ট ফটো'র মতো গম্ভীর না হলেও চলবে। ফাইলটিকে ওই অংশগ্রহণকারীর নামে চিহ্নিত করে রাখবেন।
    - আলোচনা সমিতির মিটিংটির অন্তত ৪ থকে ৫টি ছবি তুলবেন। আমরা ওই মিটিংটি যেখানে ঘটেছে, সেই জায়গাটি ভালোভাবে দেখতে চাই এবং জায়গাটি সম্পর্কে একটি স্পষ্ট ধারনা পেতে চাই। সুতরাং, দলটির বেশকিছু লং-শট, কিছু মিড-শট ও কিছু ক্লোজআপ নেবেন।
- **ভিডিওঃ** আপনাকে পুরো মিটিংটি শ্যুট করতে হবে না। আমাদের শুধু নিম্নলিখিত উপাদানগুলি চাইঃ
    - দলটির ভিডিও দেখার একটি ২০ সেকেন্ডের শট।
    - আলোচ্য বিষয়টি নিয়ে দলটির আলোচনারত থাকার একটি ২০ সেকেন্ডের শট
    - কিছু অংশগ্রহণকারীর আলোচনা করার/কথা বলার ক্লোজআপ শট

এই গাইডটির শেষে যে প্রতিবেদনের বিন্যাসটি দেওয়া আছে, সেটির বেশকিছু প্রতিলিপি বানান, সেটি ভর্তি করুন এবং সেটিকে ছবি ও ভিডিওর সাথে নিজের রাজ্যের কো-অরডিনেটরকে অথবা আমাদের গোয়ার অফিসে পাঠিয়ে দিন। সবথেকে ভালো হয় যদি রিপোর্টটি লেখা, ছবি এবং ভিডিও একত্রে সংকলিত করা এবং পাঠিয়ে দেওয়া এই পুরো ব্যাপারটি আপনি একই দিনে করে উঠতে পারেন।

পারিশ্রমিকঃ আপনার রিপোর্টটি VV অফিসে গৃহীত হওয়া মাত্রই আপনার পারিশ্রমিক পাঠিয়ে দেওয়া হবে। টাকাটি সরাসরি আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্টে জমা পড়ে যাবে।

প্রতিক্রিয়ার ভিডিওঃ

আপনাদের মধ্যে থেকে প্রায় ১৬ জন CCকে বাছা হবে প্রতিক্রিয়া এবং আলোচনা সভায় অংশগ্রহণকারীদের বক্তব্য শ্যুট করার জন্য। আপনার নাম যদি ওই ১৬ জনের তালিকায় না থাকে, তাহলে দয়া করে আমাদেরকে প্রতিক্রিয়ার ভিডিও পাঠাবেন না। এই প্রকল্পটি ভারতবর্ষের ১৬ টি রাজ্য জুড়ে চলছে এবং আমরা প্রত্যেক রাজ্যে একজন করে CCকে এই কাজটির জন্য বেছে নিয়েছি।

প্রতিক্রিয়ার ভিডিও আসলে হোল কয়েকজন বাছাই করা অংশগ্রহণকারীর আলোচনা সভায় অংশগ্রহণ করার আগে এবং পরে নেওয়া ছোট ছোট কিছু ইন্টারভিউ।

প্রতিক্রিয়ার ভিডিওর প্রয়োজনীয়তাঃ একটি সাধারণ ইন্ডিয়াআনহার্ড(IndiaUnheard) ভিডিওর ক্ষেত্রে আমরা সেটি সরকারি আধিকারিকদেরকে এবং বিভিন্ন জনগোষ্ঠীকে দেখাই যাতে তারা সমস্যাটির সমাধানের জন্য উদ্বুদ্ধ হয়ে কিছু প্রচেষ্টা নেন। কিন্তু, লিঙ্গবৈষম্য বা পুরুষতান্ত্রিকতার ক্ষেত্রে সমস্যার "সমাধান" এত সহজ নয়। কিন্তু, আমরা আমাদের আলোচনা সভায় অংশগ্রহণকারীদের ভাবনাচিন্তার মধ্যে যে বদল আসছে, সেটিকে সুন্দরভাবে তুলে ধরতে পারি।

কতগুলি প্রতিক্রিয়াঃ যেহেতু আপনার ১২ থেকে ১৮ জনের দলের মধ্যে থেকে আপনি শুধুমাত্র ৩ থেকে ৪ জনকে বেছে নিচ্ছেন, সেকারনে বাছাইটি খুব যত্নসহকারে করা প্রয়োজন।

বাছাই করার সময় নিম্নলিখিত বিষয়গুলি মাথায় রাখবেনঃ

- **বয়সের বৈচিত্র্যঃ** আপনার দলটিতে যদি বিভিন্ন বয়সী অংশগ্রহণকারী থাকেন, তাহলে আপনি তাদের মধ্যে ৩ থেকে ৪ জন আলাদা আলাদা বয়সী মানুষকে বেছে নিতে পারেন।
- **অভিজ্ঞতা বৈচিত্র্যঃ** এমনটা হওয়া খুবই সম্ভব যে আপনার দলের কিছু মহিলা এবং পুরুষের বহির্জগতের সঙ্গে সংযোগ আছে এবং তাদের মানবাধিকার বা নারীর অধিকার ইত্যাদি বিষয়ে কিছু ধারনা আছে। আবার এমনকিছু মানুষও থাকবেন আপনার দলে যাদের বহির্জগতের সাথে কোনোরকম সংযোগ নেই। ৩ থেকে ৪ জন এমন কিছু অংশগ্রহণকারী বাছুন যাদের দু'ধরনের অভিজ্ঞতাই আছে।
- **মতবাদের বৈচিত্র্যঃ** আপনার দলের কিছু অংশগ্রহণকারীর পুরুষতন্ত্র, সংস্কৃতি অথবা ধর্ম ইত্যাদি বিষয়ে অত্যন্ত জোরালো মতামত থাকতে পারে আবার কারো কারো তা নাও থাকতে পারে। ৩ থেকে ৪ জন এমনকিছু অংশগ্রহণকারীকে বাছুন যাতে সবধরনের মতামতেরই প্রতিনিধিত্ব করা হয়।
- **বক্তব্যের বৈচিত্র্যঃ** কোন কোন অংশগ্রহণকারী খুব স্পষ্টবাদী হতে পারেন আবার অনেকে এমন থাকতে পারেন যারা শান্ত এবং খানিক অনিশ্চিত। ওই শান্ত মানুষগুলির প্রতিক্রিয়া জানানাটাও কিন্তু অত্যন্ত জরুরি।
- **দায়বদ্ধতাঃ** যেহেতু প্রত্যেকটি আলোচনার পরে একই ৩ থেকে ৪ জন অংশগ্রহণকারীর প্রতিক্রিয়ার ভিডিও শ্যুট করতে হবে, সেহেতু সবথেকে দায়বদ্ধ অংশগ্রহণকারীদেরকে বাছাই করা অত্যন্ত জরুরী।

প্রতিক্রিয়ার ভিডিওতে জিজ্ঞাস্য প্রশ্নাবলীঃ আলোচনা সভার মিটিং শুরু হওয়ার আগে আপনার বাছাই করা ৩ থেকে ৪ জন অংশগ্রহণকারীকে নিম্নলিখিত প্রশ্নগুলি করুনঃ

- আপনার নাম কি, বয়স কত এবং আপনি কি করেন
- আপনি দলটিতে যোগদান কেন করেছেন এবং এখানের থেকে আপনার প্রত্যাশা কি
- পুরুষতন্ত্র শব্দটির মানে কি
- পুরুষতন্ত্র আপনাকে কিভাবে লাভবান করে
- পুরুষতন্ত্র কিভাবে আপনার ক্ষতিসাধন করছে

আলোচনা সভার মিটিং শুরু হওয়ার পরে আপনার বাছাই করা ৩ থেকে ৪ জন অংশগ্রহণকারীকে নিম্নলিখিত প্রশ্নগুলি করুনঃ

- আজকের মিটিং এবং আলোচনা সম্বন্ধে আপনার কি মতামত
- আজকে কি আপনি এমন কোন বিষয় সম্বন্ধে জানতে পারলেন যেটা নিয়ে আপনি আগে কোনদিনও ভাবেননি
- পুরুষতন্ত্র শব্দটির মানে কি
- পুরুষতন্ত্র আপনাকে কিভাবে লাভবান করে
- পুরুষতন্ত্র কিভাবে আপনার ক্ষতিসাধন করছে
- আপনি কি মনে করেন পুরুষতন্ত্রের নিপাতসাধন সম্ভব

উপরোক্ত প্রশ্নগুলি ছাড়াও আপনাকে আরও কিছু প্রশ্ন জিজ্ঞাসা করতে হতে পারে। সেই প্রশ্নগুলি আপনি আলোচনা সভার মিটিংএ যে ভিডিওগুলি দেখাবেন সেগুলি সংক্রান্ত হবে। এই প্রশ্নগুলি সম্বন্ধে জানতে হলে আলোচনার টীকাগুলি ভালোভাবে পড়ুন।

একটি প্রতিক্রিয়ার ভিডিও কেমনভাবে শ্যুট করবেনঃ একদম সহজ সাধারণ একটি বসে দেওয়া ইন্টারভিউ হিসেবে এটি শ্যুট করবেন। আলোচ্য বিষয়ের মান এক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং সেটি পেতে গেলে আপনাকে খেয়াল রাখতে হবে যে অপর ব্যক্তিটি যেন স্বচ্ছন্দ বোধ করেন।

নিম্নলিখিত উপায়গুলি অবলম্বন করতে পারেনঃ

- ক্যামেরাটিকে ট্রাইপডের ওপর বসান
- রুল অফ থার্ডস মেনে চলুন এবং একটি ক্লোজআপ বা মিডশট ফ্রেমবন্দী করুন। শটটি যেন কোনমতেই মিডশটের থেকে বেশি ওয়াইড না হয়, কারন, আমাদের খুব পরিষ্কার অডিও দরকার।
- আপনার ফ্রেমটি খুব সহজভাবে কম্পোজ করুন এবং অবশ্যই খেয়াল রাখুন যাতে আপনার চরিত্রটির পেছনে কোন মনোযোগ ব্যাঘাতকারী বস্তু(যেমন, দেওয়ালে কোন স্লোগান বা ক্যালেন্ডার, কোন নোটিশবোর্ড) ফ্রেমটির মধ্যে না থাকে। পশ্চাদপটটি যেন যথেষ্ট পরিষ্কার ও ছিমছাম হয়, এমনকি আলোচনা সভার পোস্টার বা চার্টও যেন পশ্চাদপটে দেখা না যায়।
- ঘরের মধ্যে শ্যুট করবেন না যদি না আপনি অত্যন্ত নিশ্চিত হন যে পর্যাপ্ত আলোর ব্যবস্থা আছে এবং ওই ঘরটির মধ্যে কোনধরনের প্রতিধ্বনি হয় না।
- একবার ফ্রেম কম্পোজ করা হয়ে গেলে রেকর্ড বোতামটি টিপে দিন এবং তারপরে শটটি পাল্টানো নিয়ে আর চিন্তা করবেন না। একটি ভালো আলোচনা চালিয়ে যাওয়ার দিকে যেন আপনার যাবতীয় মনোযোগ নিবিষ্ট হয়।
- ক্যামেরার একদম পেছনে বসে প্রশ্নগুলি জিজ্ঞাসা করতে থাকুন। এটি করার ফলে মনে হবে চরিত্রটি সরাসরি ক্যামেরার দিকে তাকিয়ে কথা বলছেন। ক্যামেরার কোন একদিকে বসে প্রশ্ন করবেন না।

প্রতিক্রিয়ার ভিডিওর জন্য প্রয়োজনীয় B-Rolls:

উপরোক্ত আলোচনা সভার সংবাদ সংগ্রহ নামক বিভাগটিতে আমরা আপনাদেরকে ওই মিটিংগুলির কিছু ভিডিও ক্লিপিং তুলে আমাদের পাঠাতে বলেছিলাম। সেগুলি হলঃ

- দলটির ভিডিও দেখার একটি ২০ সেকেন্ডের শট।
- আলোচ্য বিষয়টি নিয়ে দলটির আলোচনারত থাকার একটি ২০ সেকেন্ডের শট
- কিছু অংশগ্রহণকারীর আলোচনা করার/কথা বলার ক্লোজআপ শট

আপনাকে শুধু এটি সুনিশ্চিত করতে হবে যে যেই ৩ বা ৪ জন ব্যক্তিকে আপনি প্রতিক্রিয়ার ভিডিওর জন্য বেছেছেন, তাদেরকে উপরোক্ত লং-শট এবং ক্লোজআপগুলিতে যেন স্পষ্টভাবে দেখা যায়।

করণীয় #১:

বিষয়বস্তুঃ লিঙ্গ এবং কাজকর্মঃ

দাম্পত্যের চিহ্নঃ আপনার দলটিকে আরও কয়েকটি ছোট ছোট দলে বিভক্ত করুন। এবার ওনাদেরকে একজন পুরুষ ও নারীর/ স্বামীর ও স্ত্রীর জীবন বছরের কোন একটি নির্দিষ্ট ঋতুতে(সেটা ওনাদের বিবেচনাযোগ্য) কল্পনা করতে বলুন। ২৪ ঘন্টার একটি দিনের চার্টকে আদর্শ হিসেবে ধরে ওই দলটিকে একটি গৃহে ২৪ ঘন্টার সময়সীমার মধ্যে যা যা কাজকর্ম মহিলারা এবং পুরুষরা করেন, তা আলাদা আলাদা ভাবে ক্লিপচার্ট পেপারে তালিকাভুক্ত করতে বলুন। সমস্ত গৃহকর্ম, এমনকি সেইগুলিও যেগুলিকে প্রকৃত কাজের মধ্যে ধরা হয় না- যেমন- শিশুকে দুগ্ধপান করানো, সূচীকর্ম, গোষ্ঠীর অন্তর্গত মিটিং, রান্না করা, বাসন ধোওয়া, শিশুদের পরিচর্যা করা ইত্যাদি- এই সবগুলিকে তালিকাভুক্ত করতে উৎসাহিত করুন।

এই করণীয় অংশটি থেকে কিছু তথ্য উঠে আসতে পারে। যেমনঃ

- দিনেরবেলায় মহিলা এবং পুরুষেরা খুবই আলাদা রকম কিছু কাজ করে থাকেন।
- মহিলারা সাধারণত দিনে বেশি সংখ্যক ঘন্টা শ্রম দেন।
- মহিলাদের বিভিন্ন রকমের কাজ করতে হয়, এবং অনেকসময়ই একই সাথে একাধিক কাজ করতে হয়।
- পরিবারের জন্য কাজকর্ম মহিলাদের করতে হয়।
- পুরুষদের সাধারণত বাড়ির বাইরের কাজ করতে হয়।
- পুরুষেরা দিনে বিশ্রামের জন্য বেশি সময় পান।
- মহিলারা কম সময় ঘুমোতে পারেন
- সিদ্ধান্ত নেওয়ার প্রক্রিয়ায় পুরুষরা অনেকবেশি সক্রিয়।
- কিছু কিছু সমাজে মহিলা এবং পুরুষদের চিরাচরিত ভূমিকাগুলি কাজের বন্টনের ক্ষেত্রে খানিকটা বেশি সামঞ্জস্যপূর্ণ কিন্তু, আধুনিকতার বদলের ফলে পুরুষদের গতানুগতিক কিছু ক্রিয়াকলাপের সংখ্যা কমেছে এবং মহিলাদের ক্ষেত্রে সেগুলি বেড়েছে।

করণীয় #২:

বিষয়বস্তুঃ বাড়িতে পুরুষতন্ত্রঃ

দাম্পত্যের চিহ্নঃ দুটি বা তার অধিক দল এমনভাবে গঠন করুন যাতে পুরুষরা একটি দলে থাকেন এবং মহিলারা অন্যটিতে। খেয়াল রাখবেন প্রত্যেক দলে যেন কিছু বিবাহিত মানুষ থাকেন এবং কিছু অভিভাবক থাকেন। প্রত্যেকটি দলকে আলাদা আলাদা জায়গায় কাজ করাবেন, যাতে তারা একে অপরের কথা শুনতে না পান। দলটি একটি চক্রাকারে বসবে এবং ব্যক্তি 'ক' প্রশ্ন #১ ব্যক্তি 'খ' কে জিজ্ঞাসা করবেন এবং তার প্রতিক্রিয়া শ্যুট করবেন। ব্যক্তি 'খ' উত্তর দেবেন এবং ব্যক্তি 'গ' কে প্রশ্ন #২ জিজ্ঞাসা করবেন এবং তার প্রতিক্রিয়া শ্যুট করবেন এবং তারপর ক্যামেরাটি ব্যক্তি 'গ'কে দিয়ে দেবেন যাতে, তিনি প্রশ্ন #৩ ব্যক্তি 'ঘ' কে জিজ্ঞাসা করতে পারেন। এভাবে চলতে থাকবে।

পুরুষ দলটির জন্য প্রশ্নাবলীঃ

- যখন আপনি প্রথম জানলেন যে আপনার স্ত্রী সন্তানসম্ভবা, আপনার মনের অবস্থা কি হয়েছিল এবং কাদের কাদের সাথে আপনি খবরটি ভাগ করে নেন
- যখন আপনার সন্তান জন্ম নেয়, তখন আপনি কি করছিলেন
- যখন নারীরা সন্তানের জন্ম দেন, তখন সাধারণত সেখানে পুরুষদের ঢুকতে দেওয়া হয় না কেন
- আপনি কি কখনও সন্তানকে পরিচর্যারত অবস্থায় আপনার স্ত্রীকে দেখে মনে মনে হিংসা বোধ করেছেন
- আপনি কি কখনও আপনার সন্তানকে পরিষ্কার করেছেন/ করেন
- যদি আপনার বাবা বলেন যে তিনি জানতে পেরেছেন যে আপনি আপনার সন্তানকে পরিষ্কার করেন, তখন আপনি কি করবেন

মহিলা দলটির জন্য প্রশ্নাবলীঃ

- যখন আপনি প্রথম জানলেন যে আপনি সন্তানসম্ভবা, আপনার মনের অবস্থা কি হয়েছিল এবং কাদের কাদের সাথে আপনি খবরটি ভাগ করে নেন
- যখন আপনার সন্তান জন্ম নেয়, তখন আপনি কার সাথে ছিলেন
- যখন নারীরা সন্তানের জন্ম দেন, তখন সাধারণত সেখানে পুরুষদের ঢুকতে দেওয়া হয় না কেন
- কখনও আপনার স্বামীকে আপনার বাচ্চাকে পরিষ্কার করতে বলেছেন? ওনার প্রতিক্রিয়া কি ছিল
- স্বামীরা গর্ভাবস্থা এবং শিশুর পরিচর্যা বিষয়ে কথা বলতে এত লজ্জিত বোধ করেন কেন

দুটি দলকেই এবার একসাথে ডেকে আনুন এবং সবার সামনে ভিডিওটি চালিয়ে দেখান। প্রত্যেক দলের জন্যই অপরপক্ষের বক্তব্য শোনা একটি কৌতুহলোদ্দীপক অভিজ্ঞতা হতে পারে এবং তারপর তারা বিভিন্ন আলাদা আলাদা ধরনের প্রতিক্রিয়া নিয়ে আলোচনা করতে পারেন।

করণীয় #৩:

বিষয়বস্তুঃ গোষ্ঠীর মধ্যে পুরুষতন্ত্র

সমাজ কিছু লিঙ্গভিত্তিক ভূমিকা সৃষ্টি করে মহিলা এবং পুরুষদের বাধ্য করে কিছুরকমভাবে ব্যবহার করতে বা বিশেষ বিশেষ অবস্থাতে কিছু নির্দিষ্টরকমভাবে প্রতিক্রিয়া দেখাতে। আগামী করণীয়টি চট করে পড়ে ফেললে আপনি বুঝতে পারবেন লিঙ্গ সম্বন্ধে কিছু গতে বাঁধা ধারনা কিভাবে সমাজে ছড়িয়ে দেওয়া হয়।

দাম্পত্যের চিহ্নঃ একটি সাদা বোর্ডের ওপর দুটো চৌকো বাক্স আঁকুন। একটিতে লিখুন "পুরুষের মতো ব্যবহার করুন", অন্যটিতে "মহিলার মতো ব্যবহার করুন"। অংশগ্রহণকারীদের দুটি দলে বিভক্ত করুন- একটি মহিলাদের, অন্যটি পুরুষদের। আপনার দুজন মধ্যস্থতাকারীকে প্রয়োজন। পুরুষদেরকে জিজ্ঞাসা করুনঃ আপনাকে কেউ কখনও বলেছে "পুরুষ মানুষের মতো ব্যবহার করো"? একটু মনে করুন, সেইসমস্ত পরিস্থিতি বা ঘটনা যখন আপনাকে এই কথা বলা হয়েছিল। "পুরুষ মানুষের মতো ব্যবহার" করার অর্থ আপনার কাছে কি তা লিখুন।

মহিলাদের জিজ্ঞাসা করুনঃ আপনাকে কি কেউ কখনও বলেছে "মহিলার মতো ব্যবহার করো"? একটু মনে করুন, সেইসমস্ত পরিস্থিতি বা ঘটনা যখন আপনাকে এই কথা বলা হয়েছিল। "মহিলার মতো ব্যবহার" করার অর্থ আপনার কাছে কি তা লিখুন।

অংশগ্রহণকারীদেরকে বোর্ডে এসে বক্সগুলি ভর্তি করতে বলতে পারেন অথবা পারস্পরিক আলাপচারিতার মাধ্যমে ওনাদের নিজেদের মত ব্যক্ত করতে বলতে পারেন। মনে রাখবেন, এই করণীয়টির মাধ্যমে আমরা কিছু গতে বাঁধা ব্যবহার অথবা সামাজিক কার্যকলাপকে চিহ্নিত করার চেষ্টা করছি, ব্যক্তিগত ব্যবহারকে নয়।

করণীয় #৪:

বিষয়বস্তুঃ গোষ্ঠীর মধ্যে পুরুষতন্ত্র

আপনার দলকে দুটি ভাগে বিভক্ত করুনঃ পুরুষ এবং মহিলা। যদি আপনার দলের সবাই মহিলা হন, তাহলে একটি দলকে পুরুষদের মতো ও আরেকটি দলকে মহিলাদের মতো অভিনয় করতে বলুন।

প্রত্যেক দলকে নিম্নলিখিত প্রশ্নগুলি করুন এবং তাদেরকে অনুরোধ করুন উত্তরগুলি ছোট ছোট চিরকুটে লিখতে। ওনাদেরকে একটি শব্দের মধ্যে(যেমন-“উগ্র”, “নমনীয়”, “বলশালী” ইত্যাদি) উত্তর দিতে উৎসাহিত করুন।

- পুরুষরা মহিলাদের থেকে আলাদা কিভাবে
- কোন কোন অনুভূতিগুলি পুরুষদের থাকা চলে না
- পুরুষেরা কিভাবে নিজেদের অনুভূতি বা আবেগ প্রকাশ করেন
- মহিলারা কিভাবে পুরুষদের থেকে আলাদা
- কোন কোন অনুভূতি মহিলাদের থাকা চলে না
- মহিলারা নিজেদের অনুভূতি বা আবেগ কিভাবে প্রকাশ করেন

দুটি দলের উত্তর পরস্পরের সাথে মিলিয়ে দেখুন এবং একই প্রশ্নের উত্তরে পুরুষদের মহিলাদের সম্বন্ধে এবং মহিলাদের পুরুষদের সম্বন্ধে বক্তব্যের তুলনা করুন। উত্তরগুলির মধ্যে মিল এবং অমিলগুলি নিয়ে আলোচনা করুন।

করণীয় #৫:

বিষয়বস্তুঃ সংস্কৃতিতে পুরুষতন্ত্রঃ

দাম্পত্যের চিহ্নঃ প্রতিদিনকার করণীয় সাংস্কৃতিকভাবে স্বীকৃত কার্যকলাপ যা মহিলা এবং পুরুষদের ক্ষেত্রে প্রযোজ্য তার একটি তালিকা বানাতে বলুন আপনার অংশগ্রহণকারীদেরকে। আপনি ওদেরকে কিছু উদাহরণ দিতে পারেন যেমনঃ ঘোমটা দেওয়া, বিয়ের পরে বাড়ি পরিবর্তন করা, বিয়ের পরে পদবী পরিবর্তন করা ইত্যাদি। ওনাদের উত্তরের ওপর ভিত্তি করে কিছু প্রশ্ন করতে পারেনঃ

- এইসব প্রথার মধ্যে কি প্রধানত মহিলারাই আবদ্ধ?
- এগুলি কি ওনাদের দৈনন্দিন জীবনযাত্রাকে কষ্টকর করে তোলে?
- এগুলি কি ওনাদের কাছে গ্রহণযোগ্য?
- ওনারা কি কোনদিন এই প্রথাগুলির বিরুদ্ধে “কেন পালন করবো”জাতীয় প্রশ্ন তুলেছেন?
- এই চিন্তাধারায় পুরুষদের ভূমিকা কি?

করণীয় #৬:

বিষয়বস্তুঃ সংস্কৃতিতে পুরুষতন্ত্রঃ

সৌন্দর্যের ধারনাঃ মনে করুন যে দলটির সাথে আপনি কাজ করছেন, তারা একটি ফিল্ম তৈরি করছে এবং সেটির জন্য তাদের অভিনেতা বাছতে হবে। ওদের জিজ্ঞাসা করুনঃ

- আপনাদের পছন্দের অভিনেত্রী কে? অথবা আপনাদের আদর্শ অভিনেত্রীকে কিরকম দেখতে হতে হবে?
- আপনার পছন্দের খলনায়িকা কে হবেন? অথবা, আপনার ফিল্মের খলনায়িকাটিকে কিরকম দেখতে হতে হবে?
- আপনার পছন্দের নায়ক কে হবেন? অথবা, নায়ককে কেমন দেখতে হতে হবে?

এই করনীয়টির অংশ হিসেবে আপনি ওদের এটাও জিজ্ঞাসা করতে পারেন। একজন আদর্শ কনেকে কিরকম দেখতে হওয়া উচিত?

অতিরিক্ত করনীয়ঃ বৈবাহিক বিজ্ঞাপনঃ

যে দলটির সাথে আপনি কাজ করছেন, তাদেরকে বলুন তাদের নিজেদের জন্য একটি আদর্শ পাত্র বা পাত্রী চেয়ে একটি বৈবাহিক বিজ্ঞাপন লিখতে। ওনাদেরকে সেটি পড়ে শোনাতে বলুন। ওনাদের সঙ্গে সৌন্দর্যের কিছু গতে বাঁধা ধ্যান-ধারণা সম্বন্ধে(ফর্সা, রোগা, ঘন চুল ইত্যাদি) একটি বিস্তারিত আলোচনা করুন।

করনীয় #৭:

যৌনহিংসা। ধর্ষণঃ

নিম্নলিখিত গল্পটির মধ্যে বৈষম্য চিহ্নিত করতে পারবেন কি?

নিচে দেওয়া কেস-স্টাডিটি আপনার দলের কাছে পড়ে শোনান। তারপর ওদের বলুন যে আপনি ওইটি আরেকবার পড়ে শোনাবেন এবং এইবার শুনতে শুনতে যখনই ওরা কোন বৈষম্যের ঘটনা চিহ্নিত করতে পারবে তখন যেন ওরা হাততালি দিয়ে ওঠে। যদি আপনি হাততালির আওয়াজ শোনেন, পড়া বন্ধ করে ওদেরকে জিজ্ঞাসা করুন কেন ওরা হাততালি দিয়েছিলেন? ওনারা বৈষম্যটি বিশ্লেষণ করা শেষ করার পরে আপনি আবার কেস-স্টাডিটি পড়া শুরু করুন। ওনাদের যদি বৈষম্যটি বিশ্লেষণ করতে অসুবিধে হয়, তাহলে আপনি ওনাদের সাহায্য করুন।

কেস-স্টাডিঃ ২০ বছর বয়সী শীলা মাঠে কাজ করে সন্ধ্যা ৬টা নাগাদ বাড়ি ফিরছিল। ওর প্রতিবেশী রাজ নামের একটি ছেলে এগিয়ে এসে শীলাকে জোর করে টেনে তার গাড়িতে তোলে। সে তারপর গাড়িটি একটি নির্জন জায়গায় দাড় করায় এবং শীলাকে তার সাথে যৌনসম্বন্ধ স্থাপনে বাধ্য করে। শিলা অজ্ঞান হয়ে যায় এবং রাজ তাকে সেখানেই ফেলে রেখে চলে যায়। পরদিন শীলা কোনোমতে বাড়ি ফেরে এবং নারকীয় ঘটনাটি তার মা-বাবাকে জানায়। অভিভাবকদের সঙ্গে শীলা তার নিকটতম থানায় যায়। পুলিশ FIR নিতে অসম্মত হয়। তাদের বক্তব্য হোল অপরাধটি যেখানে ঘটেছিল, সেটি তাদের এলাকার মধ্যে পড়ে না।

অবশেষে, গোষ্ঠীর থেকে চাপ আসার পরে একটি FIR ফাইল করা হয়। শীলার বয়ান নথিভুক্ত করার সময় পুলিশ তাকে প্রশ্ন করে "ওইদিন সন্ধ্যাবেলায় তুমি কি পোশাক পরেছিলে? অত দেরিতে তুমি বাড়ির বাইরে ছিলে কেন? তুমি নিশ্চিত যে ওই ছেলেটির সাথে তোমার কোন সম্পর্ক ছিল না?"

এরপরে শীলা যখন ডাক্তারি পরীক্ষার জন্য হাসপাতালে যায়, সেখানে ডাক্তার তাকে তার নিম্নাঙ্গের অন্তর্বাস খুলে বিছানায় শুতে বলেন। এরপর তিনি শীলার ওপর টু-ফিঙ্গার-টেস্ট পদ্ধতিতে পরীক্ষা চালান। এবার বৈষম্যগুলি চিহ্নিত করুন।

কেসস্টাডিটির মধ্যে অন্তর্নিহিত বৈষম্যঃ

- রাজ শীলার সাথে তার ইচ্ছার বিরুদ্ধে যৌনসম্বন্ধ স্থাপন করে।
- পুলিশের FIR নথিভুক্ত করতে না রাজি হওয়ার কোন অধিকার নেই।
- পুলিশ শীলাকে যে প্রশ্নগুলি করেছিল সেগুলি তার পোশাক-আশাকের রুচি এবং তার চরিত্রের প্রতি সমালোচনামূলক। এটি অত্যন্ত অসহানুভূতিশীল আচরণ।
- ডাক্তারটি পরীক্ষা করার আগে শীলার থেকে তার জ্ঞাতসারে দেওয়া সম্মতি গ্রহন করেননি। উনি তার ওপর নিষিদ্ধ টু-ফিঙ্গার-টেস্ট পদ্ধতিটি প্রয়োগ করেছিলেন।

করনীয় #৮:

বিষয়বস্তুঃ যৌনহিংসা। দাম্পত্যধর্ষণঃ

বৈষম্য চিহ্নিত করুনঃ পরবর্তী কেসস্টাডিটি পড়ে শুনিয়ে এই করণীয়টি পরিচালনা করতে পারেন। তারপর ওদের বলুন যে আপনি ওইটি আরেকবার পড়ে শোনাবেন এবং এইবার শুনতে শুনতে যখনই ওরা কোন বৈষম্যের ঘটনা চিহ্নিত করতে পারবে তখন যেন ওরা হাততালি দিয়ে ওঠে। যদি আপনি হাততালির আওয়াজ শোনেন, পড়া বন্ধ করে ওদেরকে জিজ্ঞাসা করুন কেন ওরা হাততালি দিয়েছিলেন? ওনারা বৈষম্যটি বিশ্লেষণ করা শেষ করার পরে আপনি আবার কেস-স্টাডিটি পড়া শুরু করুন। ওনাদের যদি বৈষম্যটি বিশ্লেষণ করতে অসুবিধে হয়, তাহলে আপনি ওনাদের সাহায্য করুন।

কেস-স্টাডিঃ কমলা এবং তার স্বামী কমলের দু'মাস হোল বিয়ে হয়েছে। ওদের বিয়েটা হয়েছিল সম্বন্ধ করে। কমলা আশা করে, যে তার স্বামী তার সাথে আরও সময় কাটাবে। কিন্তু, কমল প্রত্যেকদিন তার কাজের পরে তার বন্ধুদের সাথে দেখা করে মদ্যপান করে। একদিন কমল , কমলার সাথে যৌনসম্বন্ধ স্থাপন করতে চাইলো। কিন্তু, যেহেতু কমল তার সাথে যথেষ্ট সময় কাটায়নি, কমলা তার স্বামীর সাথে দূরত্ব অনুভব করে এবং তার সাথে কোনরকমের যৌনসম্বন্ধ স্থাপনে অস্বাচ্ছন্দ্য বোধ করে। এর ফলে কমল রেগে যায় এবং তারপরে কমলার ঘোরতর আপত্তি সত্ত্বেও কমল তার শরীরের সাথে তার যা ইচ্ছে তাই করে।

উপরোক্ত কেসটির মধ্যে বৈষম্যঃ প্রত্যেকটি মানুষের(নারী কিংবা পুরুষ) অধিকার আছে তার নিজের শরীর সম্বন্ধে যাবতীয় সিদ্ধান্ত নেওয়ার। সুতরাং, প্রত্যেকটি মানুষের অধিকার আছে যৌনসম্বন্ধ স্থাপনে অসম্মত হওয়ার।

করনীয় #৯:

বিষয়বস্তুঃ যৌনহিংসা। পারিবারিক হিংসাঃ

পারিবারিক হিংসা কি?

পরবর্তী কেসস্টাডিটি পড়ে শুনিয়ে এই করণীয়টি পরিচালনা করতে পারেন। তারপর ওদের বলুন যে আপনি ওইটি আরেকবার পড়ে শোনাবেন এবং এইবার শুনতে শুনতে যখনই ওরা কোন বৈষম্যের ঘটনা চিহ্নিত করতে পারবে তখন যেন ওরা হাততালি দিয়ে ওঠে। যদি আপনি হাততালির আওয়াজ শোনেন, পড়া বন্ধ করে ওদেরকে জিজ্ঞাসা করুন কেন ওরা হাততালি দিয়েছিলেন? ওনারা বৈষম্যটি বিশ্লেষণ করা শেষ করার পরে আপনি আবার কেস-স্টাডিটি পড়া শুরু করুন। ওনাদের যদি বৈষম্যটি বিশ্লেষণ করতে অসুবিধে হয়, তাহলে আপনি ওনাদের সাহায্য করুন।

কেস-স্টাডিঃ

গতবছর বিয়ে হওয়ার পর থেকে একবছর ধরে প্রত্যেক রাতে নীনা তার স্বামীর হাতে ভয়ংকর মার খায়। কখনও তার দৈনিক রুজিটি স্বামীর হাতে তুলে দিতে অসম্মত হওয়ার জন্য, কখনও শ্বশুরবাড়ির মানুষদের বিদ্রূপের প্রতিবাদ করার জন্য, এমনকি কখনও খাবারে কম বা বেশি নুন দিয়ে ফেলার জন্য। নীনাকে তার স্বামী কখনও গরম ইস্ত্রির ছ্যাকা দিয়েছে, আবার কখনও তাকে চামড়ার বেল্ট দিয়ে মেরেছে। যদিও সে দিনের পর দিন এই নিগ্রহ সহ্য করতে না পেরে কয়েকবার তার বাবা-মার কাছে ফেরত চলে গিয়েছে, নীনা প্রত্যেকবারই তার স্বামীর বাড়িতে ফিরে এসেছে- কখনও স্বামীর সঙ্গে কথা বলে মিটমাট করে নেওয়ার তার নিজের বাবামায়ের উপদেশে, আবার কখনও তার স্বামীর প্রতিশ্রুতিতে যে ওই ঘটনার পুনরাবৃত্তি আর ঘটবে না। কিন্তু, নীনার ওপর নিগ্রহ চলতেই থেকেছে।

করণীয়ঃ আপনার দলটিকে বলুন একটি পারিবারিক ব্যবস্থাপনার মধ্যে নিগ্রহ/ বৈষম্যের ঘটনা চিহ্নিত করতে।

- যদি সঙ্গী আপনাকে মারধোর করেন, ঘুসি মারেন, থাপ্পড় মারেন, আপনার শ্বাসরোধ করেন অথবা আপনাকে ধাক্কা মেরে ফেলে দেন।
- যদি আপনার সঙ্গী ব্যক্তিগত সম্পত্তি ধ্বংস করেন
- যদি আপনার সঙ্গী আপনাকে আপনার বন্ধুবান্ধব বা পরিজনের সঙ্গে দেখা করতে বাধা দেন
- যদি আপনার সঙ্গী ব্যক্তিগত পরিসরে অথবা জনসমক্ষে আপনাকে অপমান করেন
- যদি আপনার সঙ্গী আপনার অর্থনৈতিক কার্যকলাপ নিয়ন্ত্রন করার চেষ্টা করেন
- যদি আপনার সঙ্গী অসম্ভব সন্দেহপ্রবন হন এবং আপনার বিরুদ্ধে অমূলকভাবে পরকীয়ায় লিপ্ত থাকার অভিযোগ আনেন
- যদি আপনার সঙ্গী আপনাকে আপনার ইচ্ছার বিরুদ্ধে ওনার সাথে যৌনসম্বন্ধ স্থাপনে বাধ্য করেন
- যদি আপনার সঙ্গী আপনাকে যৌতুকের জন্য হেনস্থা করতে থাকেন

আলোচনাসভার প্রতিবেদনের বিন্যাস

নামঃ____

রাজ্যঃ ________________________**জেলাঃ**_________________________

বিষয় ____

আলোচনাসভার মিটিং এর তারিখঃ___________________**UID**_______________

ক্র সংখ্যা	অংশগ্রহণকারীর নাম	অংশগ্রহণকারীর লিঙ্গ	অংশগ্রহণকারীর বয়স	অংশগ্রহণকারীর গ্রামের নাম	অংশগ্রহণকারীর স্বাক্ষর	অংশগ্রহণকারীর ছবি(আছে কি নেই)
১						
২						
৩						
৪						
৫						
৬						
৭						
৮						
৯						
১০						
১১						
১২						
১৩						
১৪						

আলোচনাসভার মিটিং এ তোলা ছবির সংখ্যাঃ ________________________________

মনে রাখবেন প্রত্যেক মিটিং এর অন্তত ৪ থেকে ৫টি ছবি দরকার। আমাদের কিছু লং-শট এবং আরও কয়েকটি মিডশট ও ক্লোজআপ দরকার দলগুলির।

আলোচনাসভার মিটিংগুলির ভিডিও ক্লিপের সংখ্যাঃ ______________________________

মনে রাখবেন আমাদের এইগুলি প্রয়োজনঃ-

- দলটির ভিডিও দেখার একটি ২০ সেকেন্ডের শট।
- আলোচ্য বিষয়টি নিয়ে দলটির আলোচনারত থাকার একটি ২০ সেকেন্ডের শট
- কিছু অংশগ্রহণকারীর আলোচনা করার/কথা বলার ক্লোজআপ শট